


পরীক্ষা

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি পরীক্ষা শুরু কাল, মানতে হবে যে নির্দেশনা

প্রথম আলো ডেস্ক



ফাইল ছবি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এসএসসি প্রোগ্রামের প্রথম ও দ্বিতীয় বর্ষ পরীক্ষা ২০২২ আগামীকাল শুক্রবার থেকে শুরু হবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েসবাইটে দেওয়া এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এসএসসি প্রোগ্রামের প্রথম ও দ্বিতীয় বর্ষ পরীক্ষা ২০২২ আগামীকাল থেকে শুরু হবে। শেষ হবে আগামী ১৬ সেপ্টেম্বর। সপ্তাহের শুক্রবার ও শনিবার করে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বাউবির বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সারা দেশে ২৭৫টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এতে অংশগ্রহণ করবেন ৫১ হাজার ২২৮ জন শিক্ষার্থী। এর মধ্যে ৩২ হাজার ৮৬০ জন পুরুষ এবং ১৮ হাজার ৩৬৮ জন নারী পরীক্ষার্থীর অংশগ্রহণ করার কথা। প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত পরিবেশে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণের জন্য সব ধরনের প্রস্তুতি নিয়েছে।

বিজ্ঞাপন

পরীক্ষার সূচিতে বলা হয়েছে, ১৯ আগস্ট সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বাংলা প্রথম পত্র, বেলা ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বাংলা দ্বিতীয় পত্র; ২০ আগস্ট বেলা ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বাংলা উচ্চতর গণিত (তত্ত্বীয়); ২৬ আগস্ট সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ইংরেজি প্রথম পত্র, বেলা ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ইংরেজি দ্বিতীয় পত্র; ২ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত গণিত, বেলা ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অর্থনীতি; ৩ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ভূগোল ও পরিবেশ; ৯ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, ব্যবসায় উদ্যোগ ও পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়), বেলা ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত কৃষি শিক্ষা (তত্ত্বীয়) ও গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়); ১৬ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত হিসাববিজ্ঞান ও রসায়ন (তত্ত্বীয়), বেলা ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ফিন্যান্স ও ব্যাংকিং, জীববিজ্ঞান (তত্ত্বীয়) এবং পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশেষ নির্দেশনা

- কোভিড-১৯ অতিমারির কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রশ্নপত্রের উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল বা রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
- লিথোকোডযুক্ত উত্তরপত্রে শিক্ষার্থীকে প্রোগ্রাম কোড (১০), আইডি নম্বর এবং বিষয় কোড বা প্রশ্নপত্র কোড ইংরেজিতে নির্ভুলভাবে লিখে বৃত্ত আঁট করতে হবে। কোনো অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- শিক্ষার্থীকে সৃজনশীল বা রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
- প্রত্যেক শিক্ষার্থী শুধু নিবন্ধিত বিষয় বা বিষয়গুলোর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনো অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- পরীক্ষার্থীরা পরীক্ষায় নন-প্রোগ্রামেবল সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।

- কেন্দ্র সচিব ছাড়া অন্য কোনো ব্যক্তি বা পরীক্ষার্থী পরীক্ষাকেন্দ্রে মুঠোফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না।
- ব্যবহারিক পরীক্ষা নিজ নিজ পরীক্ষাকেন্দ্র বা ভেন্যুতে অনুষ্ঠিত হবে।
- ২০১৫ ব্যাচের শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষা ২০২২-এ অংশগ্রহণের সর্বশেষ সুযোগ।
- পরিচয়পত্র (আইডি কার্ড) ছাড়া কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- তত্ত্বীয় পরীক্ষা শেষ হওয়ার সাত দিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- De- Novo রেজিস্ট্রেশনকৃত ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষা ২০২২-এ অংশগ্রহণের প্রথম সুযোগ এবং ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের সর্বশেষ সুযোগ।
- কর্তৃপক্ষ প্রয়োজনে এই সময়সূচির যেকোনো পরিবর্তন করতে পারবে।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২২ প্রথম আলো